ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪০৬
আগরতলা, ২৭ অক্টোবর, ২০২৫

**রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা**

রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে আজ পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩১ অক্টোবর সকাল ৭ টায় স্বামী বিবেকানন্দ ময়দানে জেলা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হবে। সকাল সাড়ে ৭টায় স্বামী বিবেকানন্দ ময়দান থেকে রান ফর ইউনিটি শুরু হবে। যা উমাকান্ত একাডেমি ময়দানে গিয়ে শেষ হবে। প্রস্তুতি সভায় পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক অসিত কুমার দাস, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট দেববাস দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকসহ পুলিশ, আসাম রাইফেলস, টিএসআর বাহিনীর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*****